

PM congratulates His Majesty King Abdullah II and people of Hashemite Kingdom of Jordan on the occasion of the 100th anniversary of the founding of the state of Jordan

April 13, 2021

জর্ডন প্রতিষ্ঠার শতবার্ষিকী উপলক্ষে রাজা দ্বিতীয় আবদুল্লা এবং জর্ডন হাশেমিতের জনসাধারণকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

এপ্রিল 13, 2021

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এক ভিডিও বার্তায় জর্ডন প্রতিষ্ঠার শতবার্ষিকী উপলক্ষে রাজা দ্বিতীয় আবদুল্লা এবং জর্ডন হাশেমিতের জনসাধারণকে অভিনন্দন জানিয়েছেন।

তঁর ভিডিও বার্তায় প্রধানমন্ত্রী জর্ডনের রাজা দ্বিতীয় আবদুল্লা এবং জর্ডনের জনসাধারণকে আন্তরিক শুভেচ্ছা ও ঊষ্য অভ্যর্থনা জানিয়েছেন। প্রধানমন্ত্রী জর্ডনের রাজার দূরদর্শী নেতৃত্বের প্রশংসা করে বলেছেন, তঁর শাসনকালে জর্ডন স্থিতিশীল ও সমন্বিত উন্নয়ন এবং অর্থনৈতিক ও সামাজিক, সাংস্কৃতিক ক্ষেত্রে নজরকাড়া সাফল্য অর্জন করেছে। রাজা দ্বিতীয় আবদুল্লার পশ্চিম এশিয়ায় শান্তি প্রতিষ্ঠা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণের প্রসঙ্গ উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেছেন, আজ জর্ডন মধ্যপন্থার শক্তিশালী কণ্ঠ ও আন্তর্জাতিক প্রতীক হয়ে উঠেছে।

ভারত ও জর্ডনের মধ্যে নিবিড় সম্পর্কের প্রসঙ্গ উল্লেখ করে 2018 সালে রাজা দ্বিতীয় আবদুল্লার ঐতিহাসিক ভারত সফরের কথা প্রধানমন্ত্রী পুনরায় স্মরণ করেন। সেই সময় রাজা দ্বিতীয় আবদুল্লা সহিষ্ণুতা, একতা ও মানবজাতির প্রতি সম্মান জানাতে 2004 সালের আশ্মান বার্তার কথা উল্লেখ করেছিলেন।

প্রধানমন্ত্রী ভারত ও জর্ডনের একযোগে মধ্যপন্থা ও শান্তিপূর্ণ সহাবস্থান নীতির মাধ্যমে শান্তি ও সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে এগিয়ে চলার কথা উল্লেখ করেছেন। তিনি জোর দিয়ে বলেছেন, মানবজাতির উজ্জ্বল ভবিষ্যতের জন্য উভয় পক্ষ একযোগে কাজ করবে।

নিউ দিল্লি

এপ্রিল 13, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.